

অর্ধ-বার্ষিক পরীক্ষা পূর্ব প্রস্তুতিমূলক বিশেষ অনুশীলন - ১
একাদশ শ্রেণি

বিষয়: উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র (সৃজনশীল)

সময়: ৪৫ মিনিট

পূর্ণ মান: ২০

- ১। হাসান এন্ড কোং এর ২০১৬ অর্থ বছরে উৎপাদিত পণ্যের মূল্য ছিল ১০,০০,০০০ টাকা। এ সময় তাদের ব্যবহার্য উপকরণের মূল্য ছিল কাঁচামাল ও অন্যান্য ৪,০০,০০০ টাকা, বেতন ও মুজরি ২,০০,০০০ টাকা ও অন্যান্য ১,০০,০০০ টাকা। ২০১৫ সালে তাদের মোট উৎপাদনশীলতা ছিল ১.২০।
- ক) সেবাগত উপযোগ কী? ১
- খ) “উৎপাদন জীবন যাত্রার মান উন্নত করে” ব্যাখ্যা করো? ২
- গ) উদ্দীপকের আলোকে হাসান এন্ড কোং এর কাঁচামালের উৎপাদনশীলতা নির্ণয় করো। ৩
- ঘ) হাসান এন্ড কোং এর ২০১৬ সালের অবস্থা মূল্যায়ন করো। ৪
- ২। সোহান একটি উৎপাদনকারী প্রতিষ্ঠানের মেশিন অপারেটর। সে প্রতিদিন আটঘণ্টা কাজ করার পর দৈনিক ৩-৪ ঘণ্টা ওভার টাইম করেন। বেতন ও ওভার টাইম মিলে মাস শেষে ২৫,০০০ টাকা পায়। সে প্রতিদিন লক্ষ্য করে তার প্রতিষ্ঠানের ব্যবস্থাপক মিঃ এখলাছ খান কোন কাজই করেন না। সারাদিন চেয়ারে বসে থাকেন এবং অধঃস্তনদের আদেশ-নির্দেশ প্রদান করেন। তাঁর মাসিক বেতন ১,০০,০০০ টাকা। তাঁর বেতন এত বেশি কেন তা মতিনের কাছে বোধগম্য নয়।
- ক) উৎপাদনশীলতা কী? ১
- খ) “মূলধন উৎপাদনশীল”-ব্যাখ্যা করো। ২
- গ) সোহান কোন ধরনের শ্রমের সঙ্গে জড়িত? ব্যাখ্যা করো। ৩
- ঘ) সোহান ও এখলাছ খানের শ্রমের তুলনা করে বেতন বৈষম্যের যৌক্তিকতা বিশ্লেষণ করো। ৪